

অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক বাংলাদেশ সরকারের সর্বোচ্চ হিসাব নিরীক্ষা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব, বিধিবদ্ধ সংস্থা, পাবলিক এন্টারপ্রাইজ এবং স্থানীয় কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করে। ২০২০-২১ অর্থবছরে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয় কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নে তুলে ধরা হলোঃ

অডিট আপত্তি

- ২০২০-২১ অর্থবছরে অডিট আপত্তির সংখ্যা ৪,০৩০,৮৯টি। নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা ৪,৮৭৯টি। অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩,৯৮,২১০টি।

অন্যান্য কার্যাবলী

- দেশের অভ্যন্তরে বিভিন্ন মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে মোট ২,৪৫২ জন কর্মকর্তা, কর্মচারীকে ৯৩টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ৬৫টি ইন হাউজ প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হয়েছে। এগুলোতে অংশগ্রহণকারীর সংখ্যা মোট ১,২৮৫ জন;
- দেশের অভ্যন্তরে ১০টি ওয়ার্কসপ/সেমিনার আয়োজন করা হয়েছে। এগুলোতে অংশগ্রহণকারীর সংখ্যা মোট ৩০৯ জন;
- সিজিএ কার্যালয়, সিজিডিএফ, অডিট অধিদপ্তরের বিভিন্ন বৈদেশিক সাহায্যপুঁজ প্রকল্প, ফিমা, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, রেলওয়ে অডিট অধিদপ্তর, পূর্ত অডিট অধিদপ্তর, পারফরমেন্স অডিট অধিদপ্তর, ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অডিট অধিদপ্তর ও সিভিল অডিট অধিদপ্তরে মোট ৮২৮টি কম্পিউটার স্থাপন করা হয়েছে এবং ৬৮৮ জন কর্মকর্তা, কর্মচারীকে কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- হিসাব ও নিরীক্ষা বিভাগ হতে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও সাংবিধানিক প্রতিষ্ঠানসহ সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করে মহামান্য রাষ্ট্রপতির নিকট অডিট রিপোর্ট পেশ করে যা মহান জাতীয় সংসদে উপস্থাপিত হয়। ২০২০-২১ অর্থবছরে এ বিভাগ হতে ৪৬টি অডিট রিপোর্ট মহান জাতীয় সংসদে উপস্থাপনের জন্য প্রেরণ করা হয়েছে, যার মধ্যে ৩টি বিশেষ অডিট রিপোর্ট, ৫টি পারফরমেন্স অডিট রিপোর্ট, ৩৪টি বার্ষিক অডিট রিপোর্ট এবং ৪টি উপযোজন হিসেবে প্রেরণ করা হয়েছে।